# কলা অনুষদ বার্তা



বর্ষ ০১, সংখ্যা ০১ সেপ্টেম্বর ২০২৪ - জুন ২০২৫

## শুভেচ্ছা বার্তা

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষী ***কলা অনুষদ*** প্রথমবারের মতো প্রকাশ করছে কলা অনুষদ বার্তা। এই প্রকাশনা আমাদের সতেরোটি বিভাগের শিক্ষা, গবেষণা, সাংস্কৃতিক ও পাঠ্যক্রমভিত্তিক কার্যক্রমকে একত্রে সবার সামনে তুলে ধরার এক অনন্য প্রচেষ্টা। তথ্য বিস্ফোরণের এই যুগে বিভাগভিত্তিক উল্লেখযোগ্য কর্মকাণ্ড নিয়ে এই বার্তা পাঠকের শুধু সময়ই বাঁচাবে না বরং ব্যস্ত নগরজীবনের ভিড়ে পাঠক সহজেই জানতে পারবেন কলা অনুষদের প্রাণবন্ত চিত্র, একাডেমিক অর্জন, সাংস্কৃতিক ও সৃজনশীল কার্যক্রম। প্রাথমিকভাবে বছরে দুটি সংখ্যা (জানুয়ারি থেকে জুন এবং জুলাই থেকে ডিসেম্বর) প্রকাশ করার অভিপ্রায় নিয়ে এ যাত্রা আমরা শুরু করছি। বর্তমান সংখ্যায় সেপ্টেম্বর ২০২৪ থেকে জুন ২০২৫ পর্যন্ত কলা অনুষদ এবং এর অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগের উল্লেখযোগ্য কর্মকাণ্ড স্থান পেয়েছে।

১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে কলা অনুষদ জ্ঞানচর্চা, সৃজনশীলতা ও সংস্কৃতির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। বাংলা বিভাগ, ইংরেজি বিভাগ, আরবী বিভাগ, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ, উর্দু বিভাগ, সংস্কৃত বিভাগ, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, ইতিহাস বিভাগ, দর্শন বিভাগ, ইসলামিক স্টাডিজ বিভাগ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ভাষাবিজ্ঞান বিভাগ, সংগীত বিভাগ, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ, নৃত্যকলার মতো বিভাগগুলো প্রতিনিয়ত আমাদের জ্ঞানভান্ডার ও চিন্তার পরিধিকে ক্রমাগত সমৃদ্ধ করছে।

কলা অনুষদ বার্তা মূলত আমাদের এই বহুমাত্রিক যাত্রার এক নতুন অধ্যায়। এখানে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, শিক্ষকবৃন্দের গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নানা সৃজনশীল কর্মকাণ্ডের সংবাদ স্থান পাবে। আমি আশা করি, এই নিউজলেটার কেবল তথ্যই জানাবে না বরং শিক্ষক, শিক্ষার্থী ও অনুষদের সকলকে অনুপ্রাণিত করবে নতুন জ্ঞান অর্জন, সৃজনশীল চর্চায়। এই প্রকাশনার মাধ্যমে আমরা চাই একাডেমিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের অভিন্ন রূপ সবার সামনে তুলে ধরতে, যাতে আমাদের অভ্যন্তরীণ ঐক্য আরও দৃঢ় হয় এবং বাইরের সমাজেও কলা অনুষদের ইতিবাচক ভাবমূর্তি প্রতিফলিত হয়। এটি হবে এমন একটি প্লাটফর্ম যেখানে শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের অভিজ্ঞতা, সাফল্য, চ্যালেঞ্জ ও ভবিষ্যতের স্বপ্ন একসাথে প্রকাশ পাবে। এটি একদিকে যেমন জ্ঞান ও সংস্কৃতির ধারক হবে, তেমনি অন্যদিকে আমাদের কলা অনুষদ পরিবারের সবার জন্য এক সেতুবন্ধন তৈরি করবে।

এই মহৎ উদ্যোগে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন- বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, সহকর্মী এবং এ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের প্রভাষক কে এম আফতাবুল ইসলাম তন্ময় এবং ইতিহাস বিভাগের প্রভাষক মো. হাসাইবুর রহমানকে যাদের সময় ও শ্রমের মাধ্যমে পত্রিকাটি প্রকাশ করা সম্ভবপর হয়েছে।

আমি বিশ্বাস করি, আগামীর সংখ্যাগুলোতে আপনাদের সবার অভিজ্ঞতা, গবেষণাকর্ম, শিল্পকর্ম ও ভাবনা কলা অনুষদ বার্তায় স্থান পাবে এবং এই নিউজলেটারকে আরও সমৃদ্ধ ও প্রাণবন্ত করে তুলবে।

কলা অনুষদ পরিবারের সবার জীবনের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

**অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান**
ডিন (ভারপ্রাপ্ত)
কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়


## সম্পাদনা পরিষদ

**ড. মো. আনোয়ারুল ইসলাম** — আহ্বায়ক
অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়


**জনাব কে এম আফতাবুল ইসলাম তন্ময়** — সদস্য
প্রভাষক, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

**জনাব মো. হাসাইবুর রহমান** — সদস্য
প্রভাষক, ইতিহাস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

## প্রধান সম্পাদক

**অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান**
ডিন (ভারপ্রাপ্ত)
কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়

# স্মৃতিতে ভাস্বর



অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ
ইতিহাস বিভাগ
(২ জুন ১৯৫২ – ১৯ মার্চ ২০২৫)




অধ্যাপক ড. সানজীদা খাতুন
বাংলা বিভাগ
(৪ এপ্রিল ১৯৩৩ – ২৫ মার্চ ২০২৫)



অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম
বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ
(১০ জুন ১৯৭৭ – ২৩ জুলাই ২০২৫)



অধ্যাপক ড. মাধবী রাণী চন্দ
সংস্কৃত বিভাগ
(৭ সেপ্টেম্বর ১৯৫৪ – ০৭ সেপ্টেম্বর ২০২৫)



অধ্যাপক ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম
ইংরেজি বিভাগ
(১৮ জানুয়ারি ১৯৫১ – ১০ অক্টোবর ২০২৫)

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ পরিবার তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করছে।

## কলা অনুষদ

### কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ডের বৃত্তি ২০২৪



১১ নভেম্বর ২০২৪ (২৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ) সোমবার, সকাল ১১:০০টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের কনফারেন্স রুমে (২য় তলা) কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ডের বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন



ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় কোষাধ্যক্ষ ও কলা অনুষদ শতবর্ষ বৃত্তি ট্রাস্ট ফান্ডের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি। আরো উপস্থিত ছিলেন কলা অনুষদভুক্ত বিভাগসমূহের চেয়ারম্যান ও সম্মানিত শিক্ষাকবৃন্দ। উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মুনসী শামস উদ্দিন আহম্মদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়। কলা অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের সদাচরণ, ক্লাসে নিয়মিত উপস্থিতি ও লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে কলা অনুষদ শতবর্ষ বৃত্তি ট্রাস্ট ফান্ড হতে প্রত্যেককে এককালীন ১০,০০০/= (দশ হাজার) টাকা করে ৪১ জন শিক্ষার্থীকে অর্থ প্রদান করা হয়।

### পিঠা উৎসব ২০২৫

নানান জাতের পিঠা করে গন্ধে আমোদিত  
চন্দ্রপুলি করে কন্যা চন্দ্রের আকিরত  
ক্ষীরপুলি করে কন্যা ক্ষীরেতে ভরিয়া  
রসালো করিল তায় চিনির ভাঁজ দিয়া।  
– *ময়মনসিংহ গীতিকা*



বাঙালির হাজার বছরের ঐতিহ্যের অংশ পিঠা। শীতের এই হিমেল পরিবেশে তাই বাঙালির অন্যতম অনুষঙ্গ পিঠাকে ঘিরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের আয়োজনে পিঠা উৎসব ১৪৩১ পালিত হয়।

৬ জানুয়ারি ২০২৫ (২২ই পৌষ ১৪৩১) সকাল ৯:৩০টায় কলা অনুষদ শিক্ষক লাউঞ্জে পিঠা উৎসবের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক ড. মামুন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি; কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, অনুষদের চেয়ারম্যানবৃন্দ, সম্মানিত শিক্ষকবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ এবং প্রমুখ।

### উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার ২০২৫

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের উদ্যোগে "Aspiration to Achievement: Academic Motivation through Australia Awards" শীর্ষক উচ্চশিক্ষা বিষয়ক একটি সেমিনার রবিবার ১২ জানুয়ারি ২০২৫ কলাভবনের শহীদ মোফাজ্জল হায়দার চৌধুরী সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। সেমিনারের মূল বক্তা ছিলেন তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক রওশন আক্তার যিনি ২০২২-২০২৪ সালের অস্ট্রেলিয়ান লিডারশিপ অ্যাওয়ার্ডপ্রাপ্ত।



সেমিনারটিতে স্বাগত বক্তব্য প্রদান করেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। আগামীদিনে বিদেশ থেকে উচ্চশিক্ষা শেষ করে আসা শিক্ষকবৃন্দের নিয়ে এই ধরণের সেমিনার কলা অনুষদে নিয়মিত আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। সেমিনারে মূল বক্তা অস্ট্রেলিয়া অ্যাওয়ার্ডের মূল বিষয়বস্তু তুলে ধরেন এবং কলা অনুষদের তরুণ শিক্ষকবৃন্দের এই বৃত্তিপ্রাপ্তির সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। প্রশ্নোত্তর পর্বসহ সেমিনারটি পরিচালনা করেন তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম এবং কলা অনুষদের বিভিন্ন বিভাগের প্রভাষক এবং সহকারী অধ্যাপকসহ প্রায় তিরিশজন শিক্ষক অংশগ্রহণ করেন।

## পতাকা উত্তোলন দিবস ২০২৫

কলা অনুষদের উদ্যোগে প্রতি বছরের ন্যায় এ বছরও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলা প্রাঙ্গণে ঐতিহাসিক ০২ মার্চ ২০২৫ 'পতাকা উত্তোলন দিবস' উদ্‌যাপিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা



বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি, বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি, সম্মানিত অতিথি জনাব আ. স. ম. আব্দুর রব, বীর মুক্তিযোদ্ধা, প্রথম পতাকা উত্তোলক। স্বাগত বক্তব্য রাখেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউটের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ।



## ইফতার মাহফিল ২০২৫




১৩ মার্চ ২০২৫ (২৮ ফাল্গুন ১৪৩১), বৃহস্পতিবার, বিকাল ৫:৩০টায় কলাভবনের শিক্ষক লাউঞ্জে এক ইফতার মাহফিলের আয়োজন করা হয়। উক্ত মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, পিএইচডি, কলা অনুষদভুক্ত বিভাগ সমূহের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকবৃন্দ, ডিনবৃন্দ ও প্রভোস্টবৃন্দ।

## বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন



১৪৩২ বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে ৪ বৈশাখ ১৪৩২ (১৭ এপ্রিল ২০২৫) বৃহস্পতিবার বিকাল ৩:০০টা থেকে ৫:০০টা পর্যন্ত আর.সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে এক সাংস্কৃতিক অনুষ্ঠান ও আপ্যায়নের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কলা অনুষদের সম্মানিত চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ।

## বাংলা বিভাগ

### কবি আবদুল হাকিমের চারশত জন্মবর্ষ উদ্‌যাপন



ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদভুক্ত ঐতিহ্যবাহী বাংলা বিভাগ শিক্ষা-কার্যক্রমে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে একাডেমিক ও সহশিক্ষা বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে থাকে। গত ৪ ডিসেম্বর ২০২৪ তারিখ আর. সি. মজুমদার আর্টস মিলনায়তনে মধ্যযুগের কবি আবদুল হাকিমের ৪০০তম জন্মবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে এক সেমিনারের আয়োজন করে বাংলা বিভাগ। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে প্রবন্ধ পাঠ করেন বাংলা বিভাগের প্রভাষক জনাব নাজমুল হোসেন এবং ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. শহিদুল হাসান। পঠিত প্রবন্ধ দুটির ওপর আলোচনা করেন রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ এর অধ্যাপক ড. আবু খালেদ মোহাম্মদ খাদেমুল হক। বিভাগের অধ্যাপক ড. মোমেনুর রসুল-এর সঞ্চালনায় সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় সেমিনার উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হোসনে আরা।

### সিকান্‌দার আবু জাফর ও আলাউদ্দিন আল আজাদের সাহিত্যকর্ম বিষয়ক সেমিনার



বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলা একাডেমি যৌথভাবে আয়োজন করে বাংলা সাহিত্যের দুই বিশিষ্ট লেখক সিকান্‌দার আবু জাফর ও আলাউদ্দিন আল আজাদের ওপর দু'দিনব্যাপী সেমিনার। গত ২১ মে ২০২৫ তারিখ আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে কবি সিকান্‌দার আবু জাফরের সাহিত্যকর্ম বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম স্বাগত বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন লেখক ও গবেষক ড. কুদরত-ই-হুদা এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব সোহানুজ্জামান। প্রবন্ধ পাঠ শেষে আলোচনা করেন প্রাবন্ধিক ও গবেষক অধ্যাপক ড. মোরশেদ শফিউল হাসান এবং বাংলা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন। বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আজম সেমিনারের সভাপতির দায়িত্ব পালন করেন। বিভাগের সহকারী অধ্যাপক ড. রাফাত আলম মিশুর সঞ্চালনায় সেমিনার শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন সেমিনার উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হোসনে আরা।

গত ২৫ জুন ২০২৫ তারিখ আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে আয়োজিত হয় কথাসাহিত্যিক আলাউদ্দিন আল আজাদের সাহিত্যকর্ম বিষয়ক সেমিনার। অনুষ্ঠানে সহকারী অধ্যাপক ড. কানিজ ফাতেমা বর্ণার সঞ্চালনায় ও বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম-এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. হোসনে আরা। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। অনুষ্ঠানে প্রবন্ধ পাঠ করেন বাংলা বিভাগের অধ্যাপক ড. তাশরিক-ই-হাবিব ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক জনাব নিপা জাহান। পঠিত প্রবন্ধের আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস।

### বাংলা বিভাগ ক্যারিয়ার ক্লাব ও কম্পিউটার ল্যাব উদ্বোধন



বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের ব্যবহারিক, কর্মমুখী ও বাস্তব জ্ঞানার্জনের জন্য বাংলা বিভাগে গঠিত হয় ক্যারিয়ার ক্লাব। গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ কলাভবনের শহিদ মুনীর চৌধুরী শ্রেণিকক্ষে (দ্বিতীয় তলা, কক্ষ নং: ২০৬৮) এর পরিচিতিমূলক অনুষ্ঠানের আয়োজন করে বাংলা বিভাগ। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম বাংলা বিভাগ ক্যারিয়ার ক্লাবের উদ্বোধন করেন। এছাড়া শিক্ষার্থীদের প্রযুক্তি বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গত ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ কলাভবনের ২০৮৮ নং কক্ষে কম্পিউটার ল্যাব উদ্বোধন করা হয়।

## ইংরেজি বিভাগ

### "গ্লোবাল সাউথে ভাষা শিক্ষার ভবিষ্যৎ: চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শীর্ষক সেমিনার




২০২৪ সালের ১ ডিসেম্বর ইংরেজি বিভাগ, ভাষাতত্ত্ব বিভাগ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং ব্র্যাক ইনস্টিটিউট অব ল্যাঙ্গুয়েজ (বিআইএল) যৌথভাবে "গ্লোবাল সাউথে ভাষা শিক্ষার ভবিষ্যৎ : চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। প্রথম অধিবেশনটি পরিচালনা করেন ইংরেজি বিভাগের চেয়ারপার্সন ড. জেরিন আলম, যেখানে অধ্যাপক সুরেশ চন্দ্র রাজাহ এবং অধ্যাপক স্টিফেন মে তাঁদের বক্তৃতা প্রদান করেন। দ্বিতীয় অধিবেশনটি পরিচালনা করেন অধ্যাপক নেভিন ফারিদা, যেখানে অধ্যাপক সেভার ডোভচিন এবং ড. ওবায়েদ হামিদ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন।

### "খান সারওয়ার মুরশিদ: শতবর্ষ উদযাপন" শীর্ষক অনুষ্ঠান




২০২৪ সালের ৩ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ, ড. তাজীন মুরশিদের সহযোগিতায়, "খান সারওয়ার মুরশিদ: শতবর্ষ উদযাপন" শীর্ষক একটি অনুষ্ঠানের আয়োজন করে, যা অধ্যাপক খান সারওয়ার মুরশিদের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সম্মানিত উপদেষ্টা (সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক) শারমীন মুরশিদ এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। অধ্যাপক নিয়াজ জামান এবং ড. অশিম দত্তের বক্তৃতার পাশাপাশি অনুষ্ঠানে গান, আবৃত্তি এবং একটি ভিডিও উপস্থাপনা পরিবেশিত হয়।

### "শিক্ষার্থী গবেষণা সেমিনার ২০২৫"




২৪ জুন ২০২৫ মঙ্গলবার সকাল ১০:০০টায় আর. সি. মজুমদার আর্টস মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ ১ম বারের মতো শিক্ষার্থী গবেষণা সেমিনার ২০২৫-এর আয়োজন করে। সেমিনারে বিভাগের এম.এ. শিক্ষার্থীরা তাদের গবেষণা কার্যক্রম উপস্থাপন করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং ইংরেজি বিভাগের সম্মানিত শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীরা। গবেষণাভিত্তিক এই সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীদের একাডেমিক দক্ষতা প্রদর্শনের সুযোগ সৃষ্টি হয়।

## আরবী বিভাগ

### আরবী বিভাগে আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের উদ্যোগে 'Current Trends in Arabic Language and Literary Studies' শীর্ষক দু'দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলন বিগত ৫-৬ জানুয়ারি ২০২৫ খ্রি. রবি ও সোমবার কলা অনুষদের আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হকের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। চট্টগ্রামের ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির সাবেক প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আবু বকর রফিক আহমদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন।




উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি আরবী ভাষা ও সাহিত্যকে উপজীব্য করে প্রথমবারের মতো এই সম্মেলন আয়োজন করায় সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান। পবিত্র কুরআনের ভাষা হওয়ায় এর যেমন মর্যাদা রয়েছে, তেমনি আন্তর্জাতিক পরিসরে যোগাযোগের ক্ষেত্রেও এই ভাষার গুরুত্ব অপরিসীম। নিয়মিত পড়াশোনা ও বিভাগের শিক্ষা কার্যক্রমে সক্রিয় থাকার মাধ্যমে আরবী ভাষায় দক্ষতা অর্জনের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।



দু'দিনব্যাপী এই আন্তর্জাতিক সেমিনারে দেশি-বিদেশি সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ তাঁদের জ্ঞানগর্ভ প্রবন্ধ উপস্থাপন করেন।

## আরবী বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৩য় পুনর্মিলনী ও বার্ষিক সাধারণ সভা ১৮ জানুয়ারি ২০২৫ শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



আরবী বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. মো. আবদুল কাদির-এর সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ শহীদুল ইসলাম। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক ধন্যবাদ জ্ঞাপন করেন। সহযোগী অধ্যাপক ড. মুহা. রফিকুল ইসলাম অনুষ্ঠান সঞ্চালন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি বলেন, "ছাত্র-জনতার অভ্যুত্থানের পর আমরা অনেক মানুষের রক্তের উপর দাঁড়িয়ে আছি। তাঁদের রক্তের ঋণ শোধ করতে হবে। এখন ভালো-মন্দ যা-ই ঘটুক, যত সীমাবদ্ধতাই থাকুক, পরস্পর হাত ধরাধরি করে আমাদের সামনে এগিয়ে যেতে হবে।" এধরনের পুনর্মিলনী সকলকে ঐক্যবদ্ধ রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। আরবী ভাষার ঐতিহাসিক গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, আন্তর্জাতিক অঙ্গনেও এই ভাষার ব্যাপক প্রভাব রয়েছে। শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য তিনি অ্যালামনাইদের ধন্যবাদ জানান। এসব কার্যক্রম আরও বৃদ্ধির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সক্রিয় অংশগ্রহণের জন্য উপাচার্য অ্যালামনাইদের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য, অনুষ্ঠানে বিভাগের অ্যালামনাইদের উদ্যোগে বিভিন্ন শিক্ষাবর্ষের ২১ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

# ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ

## ইরান কালচারাল সেন্টার ও বিভাগের যৌথ উদ্যোগে সেমিনার

গত ১১ জানুয়ারি ২০২৫ শনিবার বিকাল ৪টায় ঢাকাস্থ ইরান কালচারাল সেন্টার ও বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি প্রজাতন্ত্র ইরান দুতাবাসের মাননীয় রাষ্ট্রদূত জনাব মানসুরচাভূশী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাইয়্যেদ রেজামীর মোহাম্মদী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. ইসমাইল সাদেগী ও জ্যেষ্ঠ অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, অধ্যাপক ড. আবদুস সবুর খান, অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার, জনাব মেহেদী হাসান, মিসেস তানজিনা বিনতে নূর ও জনাব বাদল মিয়া। অনুষ্ঠানটি সঞ্চালন করেন ড. মোহাম্মদ আহসানুল হাদী এবং সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান ড. মো. মুমিত আল রশিদ। সেমিনারে আরো উপস্থিত ছিলেন বিভাগীয় শিক্ষার্থীবৃন্দ।



## ফারসি কন্যাদের প্রথম অন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৫

গত ২০ ও ২১ জানুয়ারি ২০২৫ ফারসি কন্যাদের প্রথম অন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন এবং অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকারসহ বিভাগীয় চেয়ারম্যান ড. মো. মুমিত আল রশিদ, অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



## Seminar on The Influence of Persian on Nazrul's Literature





কবি নজরুল ইনস্টিটিউট, আনজুমানে ফারসি ও ঢাকাস্থ ইরান কালচারাল সেন্টারের যৌথ উদ্যোগে এক সেমিনার গত ২৮ মে ২০২৫ বুধবার বিকাল ৪টায় কবি নজরুল ইনস্টিটিউট, আনজুমানে ফারসি ও ঢাকাস্থ ইরান কালচারাল সেন্টারের যৌথ উদ্যোগে সেমিনার Seminar on "The Influence of Persian on Nazrul's Literature" অনুষ্ঠিত হয়।

## উর্দু বিভাগ

### শিক্ষাসফর ২০২৪

উর্দু বিভাগের সহশিক্ষা কার্যাবলির অংশ হিসেবে ছাত্র-ছাত্রীদেরকে নিয়ে শিক্ষাসফর গত ১৭-১৯ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত শিক্ষসফরে কক্সবাজার ও সেন্ট মার্টিন ভ্রমণ ও এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়।





### নবীনবরণ, পিঠা উৎসব ও গজলসন্ধ্যা

উর্দু বিভাগের সহশিক্ষা কার্যাবলির অংশ হিসেবে 'নবীনবরণ, পিঠা উৎসব ও গজলসন্ধ্যা' ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখ আর.সি মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। প্রধান অতিথি হিসেবে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তান হাই কমিশনার জনাব সাঈদ আহমেদ মারুফ এবং বিশেষ অতিথি হিসেবে কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন বিভাগীয় চেয়ারম্যান জনাব মো. গোলাম মাওলা। উক্ত অনুষ্ঠানে বিভাগের শিক্ষকমন্ডলী, দেশ বরেণ্য ব্যক্তিবর্গ, শিল্পীবৃন্দ, ছাত্র-ছাত্রী ও উর্দু বিভাগের প্রাক্তন সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।





## সংস্কৃত বিভাগ

### "বৌদ্ধ মূর্তিশিল্পের উদ্ভব ও বিকাশ প্রক্রিয়া" শীর্ষক সেমিনার

১৪ নভেম্বর, ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:৩০টায় আর. সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে বিভাগের প্রয়াত অধ্যাপক ড. দিলীপ কুমার ভট্টাচার্য্য-এর ২৬তম মৃত্যুদিবসে এক স্মরণসভা অনুষ্ঠিত হয়। "অধ্যাপক দিলীপ কুমার ভট্টাচার্য্য গবেষণা কেন্দ্র"-এর পক্ষ থেকে উক্ত স্মরণসভার আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে "বৌদ্ধ মূর্তিশিল্পের উদ্ভব ও বিকাশ প্রক্রিয়া" শিরোনামে একটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, মাননীয় উপাচার্য, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ।




### "Vedic and Scientific Understanding of Soul (Atman)"

২০ নভেম্বর, ২০২৪ তারিখ বুধবার সংস্কৃত বিভাগের শ্রেণিকক্ষে "Vedic and Scientific Understanding of Soul (Atman)" বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বক্তা ছিলেন Dr. Sukanta Saha, Senior Research Fellow, University of Queensland, Australia & Senior Scientist, Queensland Health, Australia.

### শিক্ষাসফর ২০২৫



১৫ জানুয়ারি, ২০২৫ হতে ১৬ জানুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত সংস্কৃত বিভাগের ৪র্থ বর্ষ বিএ সম্মান ৭ম সেমিস্টারের শিক্ষার্থীদের নিয়ে শিক্ষা সফর অনুষ্ঠিত হয়। শিক্ষাসফরে শিক্ষার্থীদের পাঠ্য "ভারতীয় পুরাতত্ত্ব ও লেখমালা" (কোর্স নং ৪২৩) সম্পর্কিত দর্শনীয় স্থান মহাস্থানগড়, বেহুলা লক্ষীন্দরের মেধ, পাহাড়পুরসহ বিভিন্ন ঐতিহাসিক স্থান ভ্রমণ করা হয়।

# পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ

## পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠন



পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ গত ৪ জানুয়ারি ২০২৫ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) 'পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন' গঠন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি এবং কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সংবর্ধিত অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়া এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. শান্টু বড়ুয়া। অনুষ্ঠান শেষে অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়াকে সভাপতি, অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়াকে ঊর্ধ্বতন সহ-সভাপতি এবং ড. নীরু বড়ুয়াকে সাধারণ সম্পাদক করে ৪১ সদস্য বিশিষ্ট পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠন করা হয়।

## বুদ্ধ পূর্ণিমা শোভাযাত্রা-২০২৫




বুদ্ধ পূর্ণিমা বৌদ্ধ সম্প্রদায়ের সর্বোচ্চ ধর্মীয় উৎসব। এ পূর্ণিমা তিথিতে মহামানব গৌতম বুদ্ধের জন্ম, বুদ্ধত্ব লাভ এবং মহাপরিনির্বাণ সংঘটিত হয়। ত্রি-স্মৃতি বিজড়িত এ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে আয়োজিত জাতীয় সম্মিলিত শান্তি শোভাযাত্রা ও সম্প্রীতি উৎসব-২০২৫ অনুষ্ঠানে অংশগ্রহণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ। শোভাযাত্রা আয়োজন করে বাংলাদেশ বৌদ্ধ সাংস্কৃতিক পরিষদ। ১৯ মে ২০২৫ তারিখ পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. শান্টু বড়ুয়ার নেতৃত্বে বিভাগের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে আনন্দমুখর পরিবেশে একটি বর্ণাঢ্য র‍্যালী নিয়ে সে উৎসবে যোগদান করে। সম্মিলিত শান্তি শোভাযাত্রাটি জাতীয় জাদুঘরের সামনে থেকে শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি শান্তি শোভাযাত্রা ও সম্প্রীতি উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## বিভাগীয় ফিল্ড ওয়ার্ক



২৫-২৭ মে, ২০২৫ পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ শিক্ষার্থীদের জন্য একটি ফিল্ড ওয়ার্কের আয়োজন করে। ফিল্ড ওয়ার্কের জন্য গন্তব্যস্থল ছিল সিলেট বিভাগ। বিভাগের চেয়ারম্যান ড. শান্টু বড়ুয়ার সার্বিক তত্ত্বাবধানে ফিল্ড ওয়ার্ক সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। ৩৫ জন শিক্ষার্থী এবং ৭ জন শিক্ষক এই ফিল্ড ওয়ার্কে অংশগ্রহণ করেন। সিলেট অঞ্চলের বিভিন্ন প্রত্ননিদর্শন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিশেষত মনিপুরী এলাকার বৈচিত্র্যময় জন-জীবন সম্পর্কে বাস্তবিক জ্ঞানার্জন ছিল ফিল্ড ওয়ার্কের মূল উদ্দেশ্য। এছাড়াও হযরত শাহজালাল (রঃ) এর মাজার পরিদর্শন করা হয়। প্রাকৃতিক সৌন্দর্য্যমণ্ডিত রাতারগুল সোয়াম্প ফরেস্ট, জাফলং, সিলেটের জৈন্তাপুর উপজেলায় অবস্থিত লালাখাল এবং সংগ্রামপুঞ্জি বা মায়াবী ঝর্ণা পরিভ্রমণ করা হয়। শিক্ষার্থীরা উপরোক্ত অঞ্চলগুলোর জন-জীবন, ধর্মীয় ভাবধারা, সামাজিক মেলবন্ধন এবং ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কিত বিষয়ে বাস্তবিক জ্ঞানার্জন করতে সক্ষম হয়।

# ইতিহাস বিভাগ

## 'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড' বৃত্তি ও স্মারক বক্তৃতা




২০ নভেম্বর ২০২৪, বুধবার, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের ৭ জন গবেষককে 'মির্জা বানু এন্ড সিরাজুল ইসলাম এন্ডাউমেন্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তিপ্রাপ্ত ৪ জন পিএইচডি গবেষক ও ৩ জন এমফিল গবেষকের হাতে বৃত্তির চেক তুলে দেন। ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্রের ইলিয়ন স্টেট ইউনিভার্সিটির ডিসটিংগুইশড প্রফেসর ড. আলী রীয়াজ অনুষ্ঠানে 'স্বৈরশাসকদের উত্থানের পথরেখা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন। অধ্যাপক ড. এম সিরাজুল ইসলামসহ বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## Research Capacity Building Fund: Workshop on Road to Higher Education





A workshop titled "Road to Higher Education" was held on Friday, 06 December 2024, at 3:30 pm, in the Sirajul Islam Lecture Hall, organized by the Research Capacity Building Fund, Department of History, University of Dhaka. The workshop aimed to develop the research capacity and critical thinking ability, analytical skills of the students of the Department. Sixty pre-registered students participated in the workshop. Three distinguished historians, Dr. Tariq Omar Ali (Visiting Scholar of the History Department, Dhaka University and Associate Professor, School of Foreign Services, Georgetown University, USA), Professor Dr. Ashfaque Hossain (Chairman, Department of History, University of Dhaka) and Professor Mohammad Abul Kawser (Department of History, University of Dhaka) facilitated the workshop. The workshop was moderated by Dr. Sahidul Hasan (Associate Professor, Department of History, University of Dhaka). It started with a thought-provoking session from Prof. Dr. Ashfaque Hossain. He delivered an interactive lecture on "Use of Approaches and Theories in Historical Writings." After that, Visiting Scholar Dr. Tariq Omar Ali delivered a lecture titled "How to Write a Proper Statement of Purpose (SOP)."

The workshop ended with an engaging question and answer session. After the workshop students reacted with positive feelings like increased knowledge, inspiration, engagement and a desire to apply what they learned. The speakers did a great job explaining the complex concepts of the workshop.

## Outcome Based Education (OBE) Curriculam চূড়ান্তকরণ ও Institutional Quality Assurance Cell (IQAC)-এর প্রতিবেদন মূল্যায়ন কর্মশালা



ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের Outcome Based Education (OBE) Curriculum চূড়ান্তকরণ ও Institutional Quality Assurance Cell (IQAC)-এর প্রতিবেদন মূল্যায়ন উপলক্ষ্যে একটি কর্মশালা ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রবিবার দিনব্যাপী সাভারের BRAC-CDM এ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বিভাগীয় শিক্ষকবৃন্দের সাথে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল এবং ব্রুনাই দারুস সালাম ইউনিভার্সিটির শিক্ষক ড. ইফতেখার ইকবাল উপস্থিত থেকে মূল্যবান পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেন OBE ও IQAC কমিটি এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

# দর্শন বিভাগ

## নবীনবরণ ও বিদায় সংবর্ধনা-২০২৪




ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের উদ্যোগে ০৫ নভেম্বর ২০২৪, মঙ্গলবার, সকাল ০৯:৩০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে দর্শন বিভাগের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ছাত্র-ছাত্রীদের নবীনবরণ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এমএ শ্রেণির শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুল উলায়ী।

## বিশ্ব দর্শন দিবস ২০২৪




ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ, গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্র এবং নৈতিক উন্নয়ন কেন্দ্রের যৌথ উদ্যোগে ২১ নভেম্বর ২০২৪, বৃহস্পতিবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিশ্ব দর্শন দিবস ২০২৪ উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে "বাংলাদেশে ২৪ গণঅভ্যুত্থানের দর্শন: ইসলামী দৃষ্টিভঙ্গি" শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক আ খ ম ইউনুস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুল উলায়ী।

## গাজায় ইসরাইলের নৃশংস গণহত্যা ও ধ্বংসযজ্ঞের প্রতিবাদে মানববন্ধন




ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ-এর উদ্যোগে গাজায় ইসরাইলের নৃশংস গণহত্যা ও ধ্বংসযজ্ঞের প্রতিবাদে এবং ফিলিস্তিনের জনগণের প্রতি সংহতি জানিয়ে ১৫ এপ্রিল ২০২৫ তারিখ, মঙ্গলবার সকাল ১১:০০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন থেকে অবিলম্বে ফিলিস্তিনের জনগণের উপর ইসরাইয়েল সর্বগ্রাসী হামলা ও ধ্বংসযজ্ঞ বন্ধের দাবি করা হয় এবং ফিলিস্তিনের মুক্তিকামী মানুষের প্রতি সংহতি জ্ঞাপন করা হয়। মানববন্ধন শেষে একটি র‍্যালি অপরাজেয় বাংলা থেকে শুরু হয়ে রাজু ভাস্কর্যে গিয়ে শেষ হয়। রাজু ভাস্কর্যের সামনে ইসরাইলের প্রেসিডেন্ট নেতানিয়াহুর কুশপুত্তলিকায় অগ্নিসংযোগ করা হয়। নেতানিয়াহুর এসব অমানবিক কার্যাবলীকে শয়তানি কর্মকাণ্ড হিসেবে অভিহিত করা হয়।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুল উলায়ী-এর সভাপতিত্বে এ মানববন্ধনে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। এছাড়াও ডুপডার সাধারণ সম্পাদক জনাব লুৎফর রহমান, দর্শন বিভাগের অধ্যাপক মো. নূরুজ্জামান, অধ্যাপক আ খ ম ইউনুস, অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খাঁন, অধ্যাপক ড. মোসা: রেবেকা সুলতানা, সহযোগী অধ্যাপক ড. তাহমিনা ইয়াসমিন শোভা, সহযোগী অধ্যাপক জনাব মন্দিরা চৌধুরী, সহকারী অধ্যাপক জনাব মুহাম্মদ ওয়াহিদুল আলম, সহকারী অধ্যাপক জনাব অরিনা খাতুন জিনিয়া, সহকারী অধ্যাপক জনাব খন্দকার তোফায়েল আহমেদ, প্রভাষক জনাব তাপসী রাবেয়া এবং বিভাগের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা এ মানববন্ধনে অংশগ্রহণ করে।

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

## ১ম অন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা



"অন্তরের বন্দরে মুক্তির নোঙ্গর, বিপ্লবের দুনিয়ায় মুক্তির সায়র"- প্রতিপাদ্যকে ধারণ করে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ ডিবেটিং ক্লাবের উদ্যোগে ১৩ ও ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ দু'দিনব্যাপী ১ম অন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ প্রতিযোগিতার চূড়ান্তপর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের আর.সি. মজুমদার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিভাগের সকল শিক্ষাবর্ষের সমন্বয়ে গঠিত ৮টি টিম নিয়ে তিন রাউন্ডের ট্যাব অনুষ্ঠিত হয়। ঐতিহাসিক নানা যুগ ও ঘটনাকে প্রধান্য দিয়ে এই টিমগুলোর নামকরণ করা হয়। ফাইনাল বিতর্কে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে সেলজুক টিম এবং রানারআপ হয় সানজানাহ টিম।

## "আমেরিকায় ইসলাম: ইতিহাস, সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক বিশেষ সেমিনার-২০২৫

গত ০২ মার্চ ২০২৫ তারিখ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আবু মহামেদ হবিবুল্লাহ স্মৃতি পাঠাগারে বিভাগের সাবেক শিক্ষক, আমেরিকার ইউনিভার্সিটি অব ইলিয়ন-এর অধ্যাপক ড. মুহাম্মদ আল-ফারুক "আমেরিকায় ইসলাম: ইতিহাস, সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক বিশেষ সেমিনার ২০২৫-এ বক্তব্য উপস্থাপন করেন। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাস।

## রোকেয়া পদক-২০২৪ প্রাপ্তিতে অধ্যাপক ড. পারভীন হাসান-কে সংবর্ধনা প্রদান




গত ১৩ মার্চ ২০২৫ তারিখ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের লেকচার থিয়েটার ভবনের ব-৩-ক কক্ষে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের চেয়ারপারসন ও সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান-কে "রোকেয়া পদক-২০২৪" প্রাপ্তির জন্য আনুষ্ঠানিক সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে অধ্যাপক ড. পারভীন হাসানের সুদীর্ঘ কর্মজীবনের নানাবিধ অর্জন এবং নারী অধিকার কর্মী হিসেবে পেশাগত জীবনে নারীর অধিকার প্রতিষ্ঠায় তাঁর গুরুত্বপূর্ণ অবদান সম্পর্কে তুলে ধরা হয়। এছাড়াও অনুষ্ঠানে তার সুদীর্ঘ কর্মজীবনের নানাবিধ অর্জন, বিভিন্ন পর্যায়ের অবদান ও স্মৃতিচারণ করা হয়।

## শ্রীলঙ্কায় শিক্ষা সফর অনুষ্ঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ প্রতিষ্ঠাকাল থেকে শিক্ষার্থীদের দেশ-বিদেশের আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক জ্ঞান অর্জনের অংশ হিসেবে বিভাগীয় সার্ক শিক্ষা সফরের কার্যক্রম শুরু করে। এর ধারাবাহিকতায় প্রতি বছরের মতো এ বছর গত ১৭/০৪/২০২৫ থেকে ২৫/০৪/২০২৫ পর্যন্ত ৯ দিন ব্যাপী সিলেবাসের অংশ হিসেবে রাজনৈতিক পরিস্থিতির বাস্তবতায় সার্কভুক্ত দ্বীপরাষ্ট্র শ্রীলঙ্কায় শিক্ষা সফর অনুষ্ঠিত হয়। উক্ত শিক্ষা সফরে বিভাগের অধ্যাপক ড. এটিএম শামছুজ্জোহা এবং লেকচারার এইচ.এম. জালাল উদ্দীন চৌধুরী ২০২২-২৩ শিক্ষাবর্ষের ৪র্থ বর্ষ ৮ম সেমিস্টারের শিক্ষার্থীদের একটি গ্রুপ নিয়ে পর্যায়ক্রমে শ্রীলঙ্কার ক্যান্ডি, এল্লা, নুয়ারা এলিয়ে, হ্যাটন, এ্যাডামপিক, গল ও কলম্বো শহরের দর্শণীয় স্থানগুলো পরিদর্শন করেন। সফরের মূল লক্ষ্য অনুযায়ী শ্রীলঙ্কার আচার, ব্যবহার, কৃষ্টি, ধর্মীয় মূল্যবোধ, স্বাভাবিক জীবনযাত্রা, অর্থনৈতিক অবস্থান, প্রকৃতির অপার নৈসর্গিক সৌন্দর্য, শহুরে ও প্রান্তিক জীবনমান, বৌদ্ধ প্যাগোডা কেন্দ্রীক শিক্ষাকেন্দ্র, মন্দির, মসজিদ ইত্যাদি অবলোকন ও পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষা সফরের সমাপ্তি ঘটে।

## তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ

### Global Media and Information Literacy Week 2024 উদ্‌যাপন উপলক্ষ্যে সেমিনার আয়োজন

ইউনেস্কো ঘোষিত 'Global Media and Information Literacy Week 2024' উদযাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে 'The New Digital Frontiers of Information: Media and Information Literacy for Public-Interest Information'-



শীর্ষক এক সেমিনার গত ১৪ নভেম্বর ২০২৪ বৃহস্পতিবার আর. সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকাস্থ জাতিসংঘ তথ্যকেন্দ্রের প্রাক্তন অফিস প্রধান ও ইনফরমেশন স্পেশালিস্ট ড. মো. মনিরুজ্জামান এবং ইউনেস্কো ঢাকা অফিসের কমিউনিকেশন এন্ড ইনফরমেশন সেক্টরের প্রধান মিজ নূরে জান্নাত প্রমা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগের অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ মিথ্যা সংবাদ ও অপপ্রচার প্রতিরোধে সঠিক তথ্যসূত্রের উপর নির্ভরশীলতা ও জনসচেতনতা বৃদ্ধি এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, "তথ্য প্রযুক্তির এই যুগে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে ভুল তথ্য, মিথ্যা সংবাদ ও অপপ্রচারের কারণে আমাদের সামাজিক, পারিবারিক ও কর্মজীবন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।" এতে বিভিন্ন প্রতিষ্ঠানের স্বাভাবিক কর্মকাণ্ডও ব্যাহত হচ্ছে। এসব সমস্যা সমাধানে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

## জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫ উদ্‌যাপন




জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫, উদযাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ গত ৫ ফেব্রুয়ারি ২০২৫, বুধবার অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক শোভাযাত্রা বের করে। ঢাকা

বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে এই শোভাযাত্রা উদ্বোধন করেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান এবং বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করেন।

এছাড়াও বিভাগের উদ্যোগে 'সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার' শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং বিশেষ অতিথি হিসেবে কলা অনুষদের ডিন উপস্থিত ছিলেন।

প্যানেল আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. এম. নাসিরউদ্দিন মুন্সী এবং বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সহ-সভাপতি কাজী আবদুল মাজেদ। অনুষ্ঠানে 'Enriching Libraries, Enriching Minds: A National Commitment' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের অধ্যাপক এবং Association for Information Science and Technology (ASIS&T) South Asia Chapter-এর উপদেষ্টা অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম। অ্যাসোসিয়েশন ফর ইনফরমেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি (ASIS&T) সাউথ এশিয়া চ্যাপ্টারের সহযোগিতায় এই সেমিনারের আয়োজন করা হয়।

## Focused Group Discussion - on AI and Health Information Literacy



গত ৩০ জুন ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের সেমিনার লাইব্রেরিতে "AI and Health Information Literacy" বিষয়ে Group Discussion (FGD) সেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছয় জন শিক্ষক, বেসরকারি বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের একজন প্রতিনিধি, পাবলিক লাইব্রেরির একজন প্রতিনিধি, একজন স্কুল শিক্ষক এবং একজন স্নাতক শিক্ষার্থীসহ দশজন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। বিভাগের শিক্ষার্থী ইফফাত নওশিন জয়ী FGD টি পরিচালনা করেন।

এই FGD মার্কিন যুক্তরাষ্ট্রের Purdue University-Gi Institute of Information Literacy (IIL)-এর অর্থায়নে একটি আন্তর্জাতিক ফান্ডেড প্রকল্পের অংশ ছিল। ঢাকা বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ), সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ গুজরাট (ভারত), মালদ্বীপ ন্যাশনাল ইউনিভার্সিটি (মালদ্বীপ), দিল্লি বিশ্ববিদ্যালয় (ভারত) এবং লাহোর স্কুল অফ ইকোনমিক্স (পাকিস্তান)-এর সহযোগিতায় "AI and Health Information Literacy: A Study Exploring the Perceived Usefulness and Readiness among Women in South Asia" শীর্ষক দুই বছরের এই প্রকল্প (২০২৪-২০২৬) বাস্তবায়িত হচ্ছে। অংশগ্রহণকারী দেশগুলির নারীরা কীভাবে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অ্যাকসেস করার জন্য এআই টুলস্ ব্যবহার করেন তা অন্বেষণ করতে প্রতিটি অংশীদার প্রতিষ্ঠান দুটি FGD পরিচালনা করবে। এই আলোচনার লক্ষ্য ছিল অংশগ্রহণকারীদের সচেতনতা, উপলব্ধি এবং এআই-চালিত স্বাস্থ্য তথ্যপ্রযুক্তি গ্রহণের প্রস্তুতি সম্পর্কে তথ্য সংগ্রহ করা, পাশাপাশি এই জাতীয় টুলস্ ব্যবহারের ক্ষেত্রে বাধাগুলো চিহ্নিত করা।

এই প্রকল্পের নেতৃত্ব দিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ) থেকে অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম, co-investigators হিসেবে রয়েছেন ড. ভক্তি গালা (ভারত), ড. আমিনাথ রিয়াজ (মালদ্বীপ), ড. রাজ কুমার ভরদ্বাজ (ভারত) এবং তাবাসসুম আসলাম (পাকিস্তান)।

## থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ

### আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালা



থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ব্যবস্থাপনায় ৩ হতে ৫ জানুয়ারি ২০২৫ তারিখ বিকেল ৩টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত নাটমণ্ডল মিলনায়তনে আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়। দক্ষিণ কোরিয়ার দুজন থিয়েটার বিশেষজ্ঞ "Performance Making (Production Process)" শিরোনামে Mr. Inhyun Song এবং "Theatre Music and Actor Training" শিরোনামে Ms. Chang Eunsook উক্ত সেমিনার ও কর্মশালা পরিচালনা করেন। ৫ জানুয়ারি ২০২৫ তারিখ বিকেল ৩টায় আন্তর্জাতিক সেমিনার এবং কর্মশালার সমাপনী অনুষ্ঠান এবং সন্ধ্যা ৭টায় জার্মান মহাকবি Goethe রচিত *Faust* অবলম্বনে কোরিয়ো সাংস্কৃতিক ঐতিহ্যের সংমিশ্রণে বিনির্মিত একটি নিরিক্ষাধর্মী প্রযোজনা উপস্থাপন করা হয়। সম্মানিত অতিথিদ্বয় এই পরিবেশনায় অংশগ্রহণ করেন।

### সাংস্কৃতিক বিনিময়



চীনের Zhejiang Wu Opera দল ২২ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ সফর করেন। এই উপলক্ষ্যে থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ সাংস্কৃতিক বিনিময় অনুষ্ঠান ব্যবস্থাপনা করে।

সফরকালে Zhejiang Wu Opera দল নাটমণ্ডল মিলনায়তনে একটি পরিবেশনা উপস্থাপন করে এবং থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ একটি সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করে।

### আন্তর্জাতিক কনফারেন্স



থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং দারুল ইরফান রিসার্চ ইনস্টিটিউটের আয়োজনে "Sufi Philosophy and Cultural Practices for Perfected Humanity" শীর্ষক ৭ম আন্তর্জাতিক কনফারেন্স ২৭ ও ২৮ এপ্রিল ২০২৫ তারিখ নাটমণ্ডল মিলনায়তন, শহিদ মোফাজ্জল হায়দার চৌধুরী কলা অনুষদ সভাকক্ষ (কলাভবন ৬ষ্ঠ তলা) এবং ৬০০৭ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। আন্তর্জাতিক কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

## ভাষাবিজ্ঞান বিভাগ

### আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত




গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন অডিটোরিয়ামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে আয়োজিত হয়েছে ঢাকা ইউনিভার্সিটি লিঙ্গুইস্টিকস কনফারেন্স (ডিইউএলসি) ২০২৫। "ল্যাঙ্গুয়েজ, ফাংশন, অ্যান্ড ইন্টারডিসিপ্লিনারি ডিজিটাল হিউম্যানিটিস" বিষয়ে আলোচনা করতে হাইব্রিড ফরম্যাটের এই দ্বিতীয় আন্তর্জাতিক কনফারেন্সে বিশ্বজোড়া খ্যাতি সম্পন্ন পণ্ডিত, গবেষক ও পেশাজীবীরা অংশ নিয়েছিলেন। অনুষ্ঠানে প্রধান অথিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। স্বাগত বক্তব্য ও সমাপনী ধন্যবাদ প্রদান করেন অনুষ্ঠানের আহ্বায়ক ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান। কনফারেন্সের সভাপতিত্ব করেন ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মনিরা বেগম। কনফারেন্সে প্রধান বক্তা ছিলেন অধ্যাপক ড. টেড গিবসন (এমআইটি) ও অধ্যাপক ড. মাত্তি মিয়েস্তামো (হেলসিংকি বিশ্ববিদ্যালয়) এবং প্লেনারি বক্তা ছিলেন অধ্যাপক ড. সামি হংকাসালো, অধ্যাপক ড. এরিকা সেন্ডম্যান, এবং অধ্যাপক ড. মারিয়া বঘিউ। এছাড়া তিন মহাদেশের ছয়টি দেশের গবেষকবৃন্দ একত্রিত হয়েছিলেন ব্যাকরণ, ডিজিটাল হিউম্যানিটিস এবং লিঙ্গুইস্টিক ইনোভেশন বিষয়ে আলোচনা করতে। প্রোগ্রামে ১২টি গবেষণাপত্র, ১৩টি পোস্টার উপস্থাপিত হয় এবং আন্তঃশাস্ত্রীয় আলাপে দুইজন আমন্ত্রিত অতিথি বক্তব্য প্রদান করেন। ভাষাবিজ্ঞান ও প্রযুক্তিকে একত্র করে ডিইউএলসি ২০২৫ কোলাবরেশন, উদ্ভাবন এবং অ্যাকাডেমিক উৎকর্ষের একটি প্লাটফর্ম হিসেবে কাজ করেছে। এই কনফারেন্স সফল করার জন্য উপস্থিত সকলকে ভাষাবিজ্ঞান বিভাগ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে।



### ট্রাস্ট ফান্ড



ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে 'অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ ট্রাস্ট ফান্ড' শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড গঠন করা হয়েছে। পিতার স্মৃতি রক্ষার্থে এই ট্রাস্ট ফান্ড গঠনের জন্য প্রয়াত অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ-এর কন্যা মনজুলা মোরশেদ ১৫ লাখ টাকার একটি চেক ২০ মার্চ ২০২৫, বৃহস্পতিবার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি-এর কাছে হস্তান্তর করেন। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক

অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান, ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. মনিরা বেগম, এবং ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। ট্রাস্ট ফান্ডের মাধ্যমে ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য প্রতি বছর ৯টি মেধাবৃত্তি প্রদান করা হবে। এই মেধাবৃত্তিগুলো নিম্নলিখিত তিনটি পর্যায়ে প্রদান করা হবে–

* প্রথম বর্ষের দ্বিতীয় সেমিস্টারের তিনজন শিক্ষার্থী
* চতুর্থ বর্ষের অষ্টম সেমিস্টারের তিনজন শিক্ষার্থী
* এমএ দ্বিতীয় সেমিস্টারের তিনজন শিক্ষার্থী এই ট্রাস্ট ফান্ড মেধাবী শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় উৎসাহিত করার পাশাপাশি তাদের আর্থিক সহায়তা প্রদান করবে। একইসঙ্গে এটি ভাষাবিজ্ঞান চর্চায় ড. আবুল কালাম মনজুর মোরশেদ-এর অবদানকে স্মরণীয় করে রাখবে এবং ভবিষ্যৎ গবেষকদের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করবে।

## সংগীত বিভাগ

### "Development and Industrialization of Bangladesh Band Music" শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ শিক্ষা-কার্যক্রমে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে সংগীত উৎসব, মঞ্চ পরিবেশনা, প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজন করে থাকে। গত ০২ ডিসেম্বর, ২০২৪ তারিখ আর.সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে "Development and Industrialization of Bangladesh Band Music" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং বিশেষ অতিথি কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপ-এর সঞ্চালনায় সেমিনারে মূল বিষয়ে আলোচনা করেন বাংলাদেশের বিশিষ্ট সংগীতশিল্পী ও কম্পোজার নকীব খান ও পলাশ নূর।

### শাস্ত্রীয় সংগীত সন্ধ্যা অনুষ্ঠিত




সংগীত বিভাগ শাস্ত্রীয় সংগীত চর্চায় শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য বিভাগের আয়োজনে ২৯ জানুয়ারি ২০২৫ তারিখ আর.সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় "শাস্ত্রীয় সংগীত সন্ধ্যা"। আয়োজনের শুভ উদ্বোধন করেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপ-এর সঞ্চালনায় সংগীত বিভাগের শিক্ষার্থীগণ শাস্ত্রীয় সংগীত এবং অতিথি শিল্পী হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. অসিত রায় সংগীত পরিবেশন করেন।

### "ঐতিহ্য ও আধুনিকতায় বাংলার লোকগান" প্রতিপাদ্যে সংগীত উৎসব ২০২৫



বিশ্ববিদ্যালয়ে শিক্ষা-কার্যক্রমের অংশ হিসেবে সংগীত বিভাগ প্রতি বছর আয়োজন করে 'সংগীত উৎসব'। "সংগীত উৎসব ২০২৫" উপলক্ষ্যে গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. অপরাজেয় বাংলার পাদদেশ থেকে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করে সংগীত বিভাগ। বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপ-এর তত্ত্বাবধানে র‍্যালিতে সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থী অংশগ্রহণ করে। "ঐতিহ্য ও আধুনিকতায় বাংলার লোকগান" প্রতিপাদ্যে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বৃহস্পতিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে "সংগীত উৎসব ২০২৫" অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। বিশেষ অতিথি মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি এবং কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।



উৎসবে গুণীজন সম্মাননা, নীলুফার ইয়াসমীন স্মারক বৃত্তি, মো. শহিদুল ইসলাম স্মারক বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠান আয়োজনে সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও দেশবরেণ্য শিল্পীবৃন্দ বাংলার ঐতিহ্যবাহী লোকসংগীত ও লোকনাট্য পরিবেশন করেন।

## বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ

### ৫ম বিতর্ক উৎসব



২০ নভেম্বর ২০২৪ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর. সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে ৫ম বিতর্ক উৎসবের প্রদর্শনী বির্তক, আলোচনা সভা ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী বিতর্ক উৎসবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব এ.এফ হাসান আরিফ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।



### "সামাজিক বৈষম্য দূরীকরণে গৌতম বুদ্ধের শিক্ষা" শীর্ষক সেমিনার



১৪ মে ২০২৫ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনস্থ ৫০০২ নং কক্ষে "সামাজিক বৈষম্য দূরীকরণে গৌতম বুদ্ধের শিক্ষা" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. শান্টু বড়ুয়া, চেয়ারম্যান, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া, সংখ্যাতিরিক্ত অধ্যাপক, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

### "আন্ত:ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠায় কাজী নজরুল ইসলামের প্রাসঙ্গিকতা" শীর্ষক সেমিনার



২২ মে ২০২৫ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনস্থ ৫০০২ নং কক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর জন্মদিবস উপলক্ষ্যে "আন্ত:ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠায় কাজী নজরুল ইসলামের প্রাসঙ্গিকতা" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ জেহাদ উদ্দিন খান, যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয় ও সদস্য, ট্রাস্টি বোর্ড, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ জাকীর হোসেন, অতিরিক্ত সচিব (অব.) ও সাবেক নির্বাহী পরিচালক জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট।

## নৃত্যকলা বিভাগ

### মণিপুরী লোকনৃত্য, লোক সংগীত এবং লোক বাদ্যযন্ত্র পেনা ও লাংডেং পরিবেশনা



গত ১০ এপ্রিল ২০২৫, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর. সি. মজুমদার আর্টস অডিটরিয়ামে নৃত্যকলা বিভাগ কর্তৃক আয়োজিত মণিপুরী লোকনৃত্য, লোক সংগীত এবং লোক বাদ্যযন্ত্র পেনা ও লাংডেং পরিবেশনা অনুষ্ঠিত হয়।

ভারতের মণিপুর থেকে আগত বিশিষ্ট মণিপুরী লোকনৃত্য ও লাংডেং শিক্ষক ওজা নোংথোম বামশামু মৈতৈ এবং বিশিষ্ট পেনা শিক্ষক ওজা মৈস্নামমারজিৎসিং-এর পরিচালনায় বাংলাদেশের মণিপুরী শিল্পীবৃন্দ মণিপুরী লোকনৃত্য, লোক সংগীত এবং লোক বাদ্যযন্ত্র পেনা ও লাংডেং পরিবেশন করেন।

উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক মুহাম্মদ আলী নকী, স্থপতি; ডিন, স্কুল অব সাইন্স এন্ড টেকনোলজি, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. প্রিয়াংকা গোপ এবং বিশিষ্ট নৃত্যশিল্পী ও নৃত্য গবেষক লুবনা মরিয়ম। উক্ত অনুষ্ঠান সভাপতিত্ব করেন নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন স্থপতি তামান্না রহমান।

## আন্তর্জাতিক নৃত্য দিবস-২০২৫ উপলক্ষ্যে র‍্যালি ও নৃত্য বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




গত ২৯ এপ্রিল ২০২৫ 'আন্তর্জাতিক নৃত্য দিবস-২০২৫' উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগ কর্তৃক র‍্যালি ও সেমিনারের আয়োজন করা হয়েছে। নৃত্য বিষয়ক সেমিনারটি উক্ত দিন সকাল ১০টায়, বিশ্ববিদ্যালয়ের আর.সি মজুমদার আর্টস অডিটরিয়াম-এ অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের মাননীয় ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান উক্ত সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারের প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব অধ্যাপক ড. নিগার চৌধুরী। নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন ও সহকারী অধ্যাপক তামান্না রহমান, সহকারী অধ্যাপক মনিরা পারভীন, সহকারী অধ্যাপক এগনেস র‍্যাচেল প্যারিস, সহকারী অধ্যাপক ওয়ার্দা রিহাব ও প্রভাষক মাহনাজ রহমান উক্ত সেমিনারে তাদের নৃত্য বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন।

## রবীন্দ্র বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত রবীন্দ্র জন্মোৎসব ১৪৩২-এ নৃত্যকলা বিভাগের অংশগ্রহণ ও নৃত্য পরিবেশনা




গত ২৮ মে ২০২৫ তারিখে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর আয়োজনে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত 'রবীন্দ্র জন্মোৎসব ১৪৩২'-এ নৃত্যকলা বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ ও নৃত্য পরিবেশন করেন। উক্ত উৎসবে নৃত্য পর্বের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিভাগের চেয়ারপার্সন স্থপতি তামান্না রহমান। 'রবির কিরণে' নৃত্যানুষ্ঠানটি পরিচালনা করেন বিভাগের চেয়ারপার্সন তামান্না রহমান ও সহকারী অধ্যাপক এগনেস র‍্যাচেল প্যারিস। রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়া নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন তামান্না রহমান-কে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় সম্মাননা স্মারক প্রদান করেন।

# আলোকচিত্রে কলা অনুষদ















# 2026

## JANUARY

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| 31 | | | | | 01 | 02 |
| 03 | 04 | 05 | 06 | 07 | 08 | 09 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

## FEBRUARY

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | 01 | 02 | 03 | 04 | 05 | 06 |
| 07 | 08 | 09 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | | | | | | |

## MARCH

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | 01 | 02 | 03 | 04 | 05 | 06 |
| 07 | 08 | 09 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | 31 | | | |

## APRIL

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | | | | 01 | 02 | 03 |
| 04 | 05 | 06 | 07 | 08 | 09 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | |

## MAY

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| 30 | 31 | | | | | 01 |
| 02 | 03 | 04 | 05 | 06 | 07 | 08 |
| 09 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |

## JUNE

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | | 01 | 02 | 03 | 04 | 05 |
| 06 | 07 | 08 | 09 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | 30 | | | |

## JULY

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | | | | 01 | 02 | 03 |
| 04 | 05 | 06 | 07 | 08 | 09 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | 31 |

## AUGUST

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 |
| 08 | 09 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | 31 | | | | |

## SEPTEMBER

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | | | 01 | 02 | 03 | 04 |
| 05 | 06 | 07 | 08 | 09 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | | |

## OCTOBER

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| 31 | | | | | 01 | 02 |
| 03 | 04 | 05 | 06 | 07 | 08 | 09 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

## NOVEMBER

| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | 01 | 02 | 03 | 04 | 05 | 06 |
| 07 | 08 | 09 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | | | | |

## DECEMBER


| SAT | SUN | MON | TUE | WED | THU | FRI |
|---|---|---|---|---|---|---|
| | | | 01 | 02 | 03 | 04 |
| 05 | 06 | 07 | 08 | 09 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

শিক্ষাই আলো
ঢাকা বিশ্ববিদ্যালয়

**Faculty of Arts**
**University of Dhaka**

# জুলাই গণঅভ্যুত্থান ২০২৪












ছবি উৎসঃ অনলাইন